বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ২৭, ২০০৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৫ই ফাল্গুন, ১৪০৯/২৭শে ফেব্রুয়ারী, ২০০৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৫ই ফাল্গুন, ১৪০৯ মোতাবেক ২৭শে ফেব্রুয়ারী, ২০০৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ-

২০০৩ সনের ৬নং আইন
গ্রাম সরকার আইন প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু তৃণমূল পর্যায়ে গ্রামীণ জনগণকে উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করা ও তাঁহাদের সার্বিক উন্নয়ন নিশ্চিত করার উদ্দেশ্যে ইউনিয়ন পরিষদের সহায়ক সংগঠন হিসাবে প্রতিনিধিত্বমূলক গ্রাম সরকার গঠন করিয়া গ্রামীণ জনগণের সার্বিক উন্নয়ন নিশ্চিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম** ।- এই আইন গ্রাম সরকার আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা** ।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "অস্থায়ী গ্রাম সরকার প্রধান" অর্থ ধারা ১৪(৩) এ উলিখিত অস্থায়ী গ্রাম সরকার প্রধান;

(খ) "ইউনিয়ন"অর্থ Local Government (Union Parishads) Ordinance,1983 (Ordinance No. LI of 1983) এর section 3 এর অধীন ঘোষিত কোন ইউনিয়ন;

(গ) "উপদেষ্টা" অর্থ গ্রাম সরকারের উপদেষ্টা;

(ঘ) “ওয়ার্ড” অর্থ Local Government(Union Parishads)Ordinance,1983 (Ordinance No. LI of 1983) এর section 18 এর sub-section (1) এ উলিখিত ওয়ার্ডসমূহের একটি;

(ঙ) “গ্রাম” অর্থ প্রত্যেক ওয়ার্ডের এলাকাভুক্ত মৌজা বা মৌজাসমূহের সমষ্টি;

(চ) “গ্রাম সরকার” অর্থ ধারা ৪ এর অধীন গঠিত গ্রাম সরকার;

(ছ) “গ্রাম সরকার প্রধান” অর্থ গ্রাম সরকারের গ্রাম সরকার প্রধান এবং অস্থায়ী গ্রাম সরকার প্রধানরূপে দায়িত্ব পালনকারী কোন ব্যাক্তি ;

(জ) “সদস্য” অর্থ গ্রাম সরকারের সদস্য ;

(ঝ) “সংরক্ষিত আসন” অর্থ Local Government (Union Parishads) Ordinance, 1983 (Ordinance No. LI of 1983) এর section 5এর sub-section (3) তে উলিখিত সংরক্ষিত আসন;

(ঞ) “পরিচালনাকারী কর্তৃপক্ষ” অর্থ উপজেলা নির্বাহী কর্মকর্তা বা সার্কেল অফিসার বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।

৩। **গ্রাম সরকার প্রতিষ্ঠা**।- (১) এই আইনের বিধান অনুসারে প্রত্যেক ওয়ার্ডে একটি করিয়া গ্রাম সরকার থাকিবে।

(২) সংশিষ্ট ইউনিয়নের নামের পর ওয়ার্ড নম্বরের সূচকে গ্রাম সরকারের নাম হইবে।

(৩) গ্রাম সরকার একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং, এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৪) এই আইনের অধীন গ্রাম সরকার সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১) এ সংজ্ঞায়িত প্রশাসনিক একাংশ হিসাবে গণ্য হইবে না; তবে ইহা ইউনিয়ন পরিষদের সহায়ক সংগঠন হইবে।

৪। **গ্রাম সরকার গঠন** ।-(১) একজন গ্রাম সরকার প্রধান, একজন উপদেষ্টা ও তেরজন সদস্য সমন্বয়ে প্রত্যেক ওয়ার্ডে একটি করিয়া গ্রাম সরকার গঠিত হইবে।

(২) সংশিষ্ট ওয়ার্ডের জন্য ইউনিয়ন পরিষদের সদস্য গ্রাম সরকার প্রধান হইবেন এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য সংশিষ্ট গ্রাম সরকারের উপদেষ্টা হইবেন।

(৩) ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য তাঁহার আঞ্চলিক নির্বাচনী এলাকাধীন সকল গ্রাম সরকারের উপদেষ্টা হইবেন।

(৪) নিম্নবর্ণিত ব্যক্তিগণ সদস্য হিসাবে মনোনীত হইবেন-

(ক) একজন গন্যমান্য ব্যক্তি;
(খ) একজন প্রশিক্ষণপ্রাপ্ত গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহিলা সদস্যসহ তিনজন মহিলা;
(গ) একজন প্রশিক্ষণপ্রাপ্ত গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পুরুষ সদস্য;
(ঘ) একজন কৃষক;
(ঙ) দুইজন ভূমিহীন কৃষক;
(চ) একজন সমবায় সমিতির সদস্য;
(ছ) একজন মুক্তিযোদ্ধা ;
(জ) একজন শিক্ষক;
(ঝ) একজন ব্যবসায়ী; এবং
(ঞ) একজন চিকিৎসক বা পেশাজীবী ঃ

তবে শর্ত থাকে যে, এক বা একাধিক অনুচ্ছেদের প্রতিনিধি পাওয়া না গেলে তদস্থলে অনুচ্ছেদে (ঘ) এর কৃষকের সংখ্যা বৃদ্ধি করিয়া তাহা পূরণ করিতে হইবে।

(৫) ওয়ার্ডের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত আছে এমন ভোটারদের অন্যূন এক দশমাংশের উপস্থিতিতে সাধারণ সভায় সমঝোতার ভিত্তিতে, পরিচালনাকারী কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ও সভাপতিত্বে, সদস্যগণ মনোনীত হইবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্ত মনোনয়নের ক্ষেত্রে কোন মতদ্বৈততা দেখা দিলে পরিচালনাকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫। **গ্রাম সরকার গঠনের সময়**।- নিম্নবর্ণিত সময়ে গ্রাম সরকার গঠন করা হইবে, যথাঃ-

(ক) প্রথমবার গঠনের ক্ষেত্রে, সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে;
(খ) মেয়াদ শেষ হইবার ক্ষেত্রে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্ববর্তী একশত আশি দিনের মধ্যে;
(গ) ধারা ২৪ এর অধীন বাতিল হইবার ক্ষেত্রে, বাতিলাদেশ জারীর পরবর্তী নব্বই দিনের মধ্যে।

৬। **গ্রাম সরকারের মেয়াদ**।- গ্রাম সরকারের মেয়াদ হইবে উহার প্রথম সভা অনুষ্ঠিত হইবার তারিখ হইতে ৫(পাঁচ) বৎসর।

৭। **সদস্যপদে শূণ্যতার কারণে গ্রাম সরকার গঠন বা কার্যধারা অবৈধ না হওয়া**।- শুধুমাত্র কোন সদস্যপদে শূণ্যতা বা গ্রাম সরকার গঠনে ক্রুটি থাকার কারণে কোন গ্রাম সরকার বা উহার কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৮। **শপথ গ্রহণ** ।- (১) গ্রাম সরকার প্রধান, উপদেষ্টা ও প্রত্যেক সদস্য দায়িত্বভার গ্রহণের পূর্বে পরিচালনাকারী কর্তৃপক্ষের সম্মুখে তফসিলে উলিখিত ফরমে শপথ গ্রহণ করিবেন এবং শপথ পত্রে স্বাক্ষর দান করিবেন।

(২) ধারা ৪ এর অধীন গ্রাম সরকার গঠনের ত্রিশ দিনের মধ্যে শপথ গ্রহণের জন্য পরিচালনাকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। **সদস্যের অযোগ্যতা**।- কোন ব্যক্তি গ্রাম সরকারের সদস্য হইবার বা থাকিবার যোগ্য হইবেন না, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;
(খ) কোন আদালত তাঁহাকে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করে;
(গ) তিনি সংশিষ্ট ওয়ার্ডের আঞ্চলিক এলাকার বাহিরে স্থায়ীভাবে বসবাসের জন্য স্বীয় গ্রাম ত্যাগ করেন;
(ঘ) তিনি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক অন্যূন এক বৎসরের কারাদন্ডে দন্ডিত হন এবং তাঁহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;
(ঙ) সংশিষ্ট ওয়ার্ডের ভোটার তালিকায় তাঁহার নাম অন্তর্ভুক্ত না থাকে;
(চ) তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হন বা থাকেন; অথবা
(ছ) তাঁহার নিকট কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী থাকে।

ব্যাখ্যা ঃ এই ধারায় আর্থিক প্রতিষ্ঠান বলিতে আর্থিক প্রতিষ্ঠান আইন,১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২(খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাইবে।

১০। **সদস্যের পদত্যাগ** ।- (১) গ্রাম সরকার প্রধানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(২) গ্রাম সরকার প্রধান যে তারিখে পত্র পাইবেন সেই তারিখ হইতে পদত্যাগ কার্যকর হইবে এবং পদত্যাগকারীর পদ শূন্য হইবে।

১১। **সদস্যের অপসারণ** ।- (১) পরিচালনাকারী কর্তৃপক্ষ, যথাযথ তদন্তের পর, কোন সদস্যকে তাঁহার পদ হইতে অপসারণ করিবেন, যদি তিনি -

(ক) যথোপযুক্ত কারণ ব্যতিরেকে গ্রাম সরকারের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন;

(খ) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন বা দায়িত্ব পালনে অস্বীকৃতি জানান; বা
(গ) অসদাচরণের দায়ে দোষী হন বা ধারা ৯ এর অধীন সদস্য হইবার অযোগ্য হইয়া পড়েন।

ব্যাখ্যা ঃ এই ধারার অধীন "অসদাচরণ" বলিতে ক্ষমতার অপব্যবহার, দূর্ণীতি, স্বজনপ্রীতি বা নৈতিক স্খলনকে বুঝাইবে।

১২। **পদ শূণ্য হওয়া** ।- (১) কোন সদস্যের পদ শূণ্য হইবে, যদি তিনি -

(ক) ধারা ৮ এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে শপথ গ্রহণে ব্যর্থ হন;
(খ) পরিচালনাকারী কর্তৃপক্ষের তদন্তে, ধারা ৯ এর অধীন, সদস্য হইবার অযোগ্য হইয়া থাকেন;
(গ) ধারা ১০ এর অধীন স্বীয় পদ ত্যাগ করেন;
(ঘ) ধারা ১১ এর অধীন তাঁহার পদ হইতে অপসারিত হন;
(ঙ) মৃত্যুবরণ করেন।

(২) কোন গ্রাম সরকার প্রধান বা উপদেষ্টার পদ শূণ্য হইবে যদি Local Government (Union Parishads) Ordinance, 1983 (Ordinance No. LI of 1983) এর section 13 এর বিধান মোতাবেক তাঁহার ইউনিয়ন পরিষদের সদস্য পদ শূণ্য হয়।

(৩) গ্রাম সরকার প্রধান, উপদেষ্টা বা কোন সদস্যের পদ শূণ্য হইলে পরিচালনাকারী কর্তৃপক্ষ অবিলম্বে উক্ত পদ শূণ্য ঘোষণা করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।

১৩। **সদস্যের শূণ্য পদ পূরণ**।- কোন সদস্যের পদ শূণ্য হইলে, পরিচালনাকারী কর্তৃপক্ষের তত্ত্বাবধানে, ধারা ৪ এর উপ-ধারা (৫) এর বিধান অনুসরণক্রমে উক্ত পদ পূরণ করা হইবে।

১৪। **প্যানেল ও অস্থায়ী গ্রাম সরকার প্রধান** ।-(১) গ্রাম সরকার উহার প্রথম সভায় তিনজন সদস্য সমন্বয়ে একটি প্যানেল গঠন করিবে।

(২) প্যানেলে অন্যূন একজন মহিলা সদস্য থাকিবেন।

(৩) গ্রাম সরকার প্রধানের পদ শুণ্য হইলে কিংবা তাঁহার অনুপস্থিতিতে বা অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূণ্য পদে গ্রাম সরকার প্রধান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা গ্রাম সরকার প্রধান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, উপদেষ্টা, বা তাঁহার অনুপস্থিতিতে প্যানেলভুক্ত সদস্যদের মধ্যে যাহার নাম শীর্ষে থাকে, বা তাহার অনুপস্থিতিতে ক্রমানুসারে পরবর্তী সদস্য গ্রাম সরকার প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং উক্ত দায়িত্ব পালনকারী ব্যক্তি উক্ত সময়ে অস্থায়ী গ্রাম সরকার প্রধান বলিয়া গণ্য হইবেন ।

১৫। **গ্রাম সরকারের কার্যালয়** ।- গ্রাম সরকারের আওতাভুক্ত এলাকায় পরিচালনাকারী কর্তৃপক্ষ, গ্রাম সরকার প্রধানের সহিত পরামর্শক্রমে, গ্রাম সরকারের কার্যালয়ের স্থান নির্ধারণ করিবে।

১৬। **গ্রাম সরকারের কার্যাবলী** ।- (১) গ্রাম সরকারের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ-

(ক) গ্রামের রাস্তা-ঘাট, কালভার্ট ইত্যাদি উন্নয়নের জন্য অগ্রাধিকার ভিত্তিতে পরিকল্পনা প্রণয়ন, চলমান প্রকল্পের অগ্রগতি ও আর্থিক বিষয়াদি পর্যালোচনা করা ;

(খ) নারী নির্যাতন, সন্ত্রাস, চুরি, ডাকাতি ইত্যাদি অপরাধ সংঘটিত হওয়ার বিরুদ্ধে সম্মিলিত প্রতিরোধমূলক ব্যবস্থা গড়ে তোলাসহ সুষ্ঠ আইন-শৃঙ্খলা নিশ্চিত করা এবং এতদসংক্রান্ত প্রতিবেদন ইউনিয়ন পরিষদে পেশ করা;

(গ) নিরক্ষরতা দূরীকরণার্থে সরকার কর্তৃক গৃহীতব্য কর্মসূচী তদারক করা এবং প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা ও মক্তবে শিক্ষাদান পাঠক্রমের খোঁজ-খবর রাখা ও সেই সম্পর্কে ইউনিয়ন পরিষদে প্রতিবেদন প্রেরণ করা;

(ঘ) প্রাথমিক বিদ্যালয়গামী সকল শিশুকে বিদ্যালয়ে প্রেরণের জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করা এবং কোন শিশুকে বিদ্যালয়ে প্রেরণে অভিভাবককে উদ্বুদ্ধ করিতে ব্যর্থ হইলে তৎসম্পর্কে ইউনিয়ন পরিষদে প্রতিবেদন প্রেরণ করা;

(ঙ) পুষ্টি ও টীকাদান কর্মসূচীসহ প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচী বাস্তবায়নে সংশিষ্ট কর্তৃপক্ষকে সাহায্য-সহযোগিতা করা এবং মাঠ পর্যায়ে উক্ত কর্মসূচীতে কর্মরত কর্মচারীদের কাজ সম্পর্কে ইউনিয়ন পরিষদে প্রতিবেদন পেশ করা;

(চ) পরিবার পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে সংশিষ্ট কর্তৃপক্ষকে সাহায্য-সহযোগিতা করা এবং মাঠ পর্যায়ে উক্ত কর্মসূচীতে কর্মরত কর্মচারীদের কাজ সম্পর্কে ইউনিয়ন পরিষদে প্রতিবেদন পেশ করা;

(ছ) বিশুদ্ধ পানীয় জল সরবরাহ এবং স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন কর্মসূচী বাস্তবায়নে সংশিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তা করা;

(জ) জন্ম-মৃত্যু, বিবাহ এবং বিবাহ-বিচ্ছেদ সম্পর্কিত প্রাথমিক হিসাব সংগ্রহ ও সংরক্ষণ করা এবং ইউনিয়ন পরিষদে প্রেরণ করা;

(ঝ) কৃষি উন্নয়নের লক্ষ্যে স্থানীয় পর্যায়ে সার, উন্নতমানের বীজ এবং কীটনাশক সরবরাহ সম্বন্ধে নিয়মিতভাবে অবহিত থাকা এবং এই বিষয়ে সংকট দেখা দিলে সংগে সংগে ইউনিয়ন পরিষদ এবং সংশিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা;

(ঞ) আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা এবং গ্রামে শান্তি ও শৃংখলা বজায় রাখার উদ্দেশ্যে গ্রাম্য বিবাদ-বিসম্বাদ আপোষে নিস্পত্তির চেষ্টা করা;

(ট) ক্রীড়া ও সাংস্কৃতিক উন্নয়নে কার্যক্রম গ্রহণ করা;

(ঠ) গ্রামের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতি গঠন, ক্ষুদ্র শিল্প স্থাপন, হাঁস-মুরগীর খামার প্রতিষ্ঠা, মৎস্য চাষ ও পশুপালন সম্পর্কে গ্রামের জনগণকে উৎসাহ প্রদান করা;

(ড) বৃক্ষরোপণ ও পরিবেশ সংরক্ষণ সম্পর্কে গ্রামের জনগণকে উৎসাহ প্রদান করা;

(ঢ) মহিলা ও শিশুসহ গ্রামীণ জনগণের সার্বিক উন্নয়নের লক্ষ্যে যে কোন কল্যাণধর্মী কার্যক্রম গ্রহণ করা;

(ণ) ভিজিএফ ও ভিজিটি কার্যক্রম তদারক করা; এবং

(ত) সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত অনান্য কার্য সম্পাদন করা।

(২) উপ-ধারা (১) এর অধীন অনুচ্ছেদ (ক) ও (খ) এ বর্ণিত বিষয়সমূহের দায়িত্বে থাকিবেন যথাক্রমে গ্রাম সরকার প্রধান ও উপদেষ্টা এবং অনুচ্ছেদ (গ) হইতে (ণ) পর্যন্ত বিষয়সমূহের এক একটির দায়িত্বে থাকিবেন এক একজন সদস্যঃ

তবে শর্ত থাকে যে, উপদেষ্টার পদ শূণ্য হইলে বা থাকিলে শূণ্যপদ পূরণ না হওয়া পর্যন্ত গ্রাম সরকার প্রধান তাঁহার দায়িত্বে থাকিবেন এবং কোন সদস্যপদ শূণ্য হইলে বা থাকিলে শূণ্য পদ পূরণ না হওয়া পর্যন্ত গ্রাম সরকার অন্য কোন সদস্যের উপর উক্ত দায়িত্ব অর্পণ করিতে পারিবে।

১৭। **গ্রাম সরকারের সভা** ।- (১) গ্রাম সরকার, পরিচালনাকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে ।

(২) গ্রাম সরকার প্রতি দুইমাসে অন্যূন একবার সভায় মিলিত হইবে এবং গ্রাম সরকার প্রধান স্বতঃপ্রণোদিত হইয়া অথবা অন্যূন আট জন সদস্যের আবেদনক্রমে যে কোন সময় বিশেষ সভা আহবান করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (২) এ উলিখিত সভার ক্ষেত্রে সদস্যদেরকে অন্ততঃ তিন দিন পূর্বে নোটিশ দিতে হইবে এবং নোটিশে সভার বিষয় সূচী উলেখ থাকিতে হইবে।

(৪) গ্রাম সরকার প্রধান গ্রাম সরকারের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে উপদেষ্টা অথবা উপদেষ্টার অনুপস্থিতিতে সভায় উপস্থিত ধারা ১৪(১) এর অধীন প্যানেলভুক্ত কোন সদস্য সভার সভাপতিত্ব করিবেন।

(৫) গ্রাম সরকারের সকল সভা গ্রাম সরকার প্রধান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৬) মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে গ্রাম সরকারের সভার কোরাম হইবে।

(৭) গ্রাম সরকারের সভায় সিদ্ধান্ত গ্রহণে গ্রাম সরকার প্রধান, উপদেষ্টা ও সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সংখ্যাগরিষ্ঠের ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদান করিবেন।

(৮) গ্রাম সরকার কর্তৃক আমন্ত্রিত হইলে প্রত্যেক ওয়ার্ডের আঞ্চলিক এলাকায় কর্মরত সরকারী দপ্তর, বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ গ্রাম সরকারের সভায় উপস্থিত থাকিতে ও আলোচনায় অংশ গ্রহণ করিতে পারিবেন; তবে তাঁহাদের ভোটাধিকার থাকিবে না।

(৯) সভাপতি কর্তৃক সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হইবে।

১৮। **সাধারণ সভা** ।- (১) ওয়ার্ডের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত আছে এমন ভোটারদের অন্যূন এক দশমাংশের উপস্থিতিতে প্রতি ছয় মাসে অন্যূন একবার সাধারণ সভা অনুষ্ঠিত হইবে।

(২) সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ, সময় এবং স্থান সম্পর্কে নোটিশ দিতে হইবে।

(৩) সভায় সংশিষ্ট এলাকার চলমান উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং ধারা ১৯ এর বিধান মোতাবেক কমিটি গঠন সহ ধারা ১৬ এ বর্ণিত যে কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

(৪) সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে আমন্ত্রণ জানাইতে হইবে।

১৯। **কমিটি গঠন**।- (১) গ্রাম সরকার ধারা ১৬ এ উলিখিত প্রতিটি বিষয়ে একটি করিয়া কমিটি ও প্রয়োজনে সাব কমিটি গঠন করিবে।

(২) কমিটির সভাপতি হইবেন গ্রাম সরকার প্রধান বা উপদেষ্টা বা সদস্য এবং কমিটির সদস্য হইবেন, গ্রাম সরকারের সদস্য নহেন অথচ বিশেষ যোগ্যতা আছে, ওয়ার্ডের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত আছে এমন ভোটার।

(৩) সভাপতিসহ কমিটির সদস্য সংখ্যা হইবে পাঁচ জন।

(৪) কমিটি যখন প্রয়োজন মনে করিবে তখন উহার সভা আহবান করিতে পারিবে।

(৫) সভাপতিসহ অন্যূন তিন জনের উপস্থিতিতে কমিটির কোরাম হইবে এবং সংখ্যাগরিষ্ঠের ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি নির্ণায়ক ভোট প্রদান করিবেন।

(৬) সভাপতি কমিটির সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সদস্যগণ তাহাদের নিজেদের মধ্য হইতে একজনকে সভাপতি নিযুক্ত করিবেন।

(৭) সভাপতি কার্যবিবরণীতে স্বাক্ষর করিবেন এবং ৭ দিনের মধ্যে উহার অনুলিপি গ্রাম সরকারের নিকট প্রেরণ করিবেন।

২০। **ব্যয় ভার** ।- জন্ম মৃত্যু, বিবাহ, বিবাহ-বিচ্ছেদ ইত্যাদি সম্পর্কিত তথ্যসহ ইউনিয়ন পরিষদের কার্যাবলীর অন্তর্ভুক্ত বিষয়ে সহায়তা প্রদানের উদ্দেশ্যে গ্রাম সরকার যে সব কার্যাবলী সম্পাদন করিবে সেইসব কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় কাগজ, কলম, কালি, রেজিষ্টার ইত্যাদি ক্রয়ের খরচ বাবদ ইউনিয়ন পরিষদ নিজ আয়ের একটি অংশ প্রতি বৎসর গ্রাম সরকারকে প্রদান করিবে।

২১। **তহবিল** ।- প্রত্যেক গ্রাম সরকারের গ্রাম সরকার তহবিল নামে একটি তহবিল থাকিবে এবং তাহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা ঃ-

(ক) ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত অর্থ; এবং

(খ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

২২। **পরিদর্শন** ।- উপজেলা পরিষদের চেয়ারম্যান, পরিচালনাকারী কর্তৃপক্ষ ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গ্রাম সরকারের কাজ-কর্ম পরিদর্শন করিতে পারিবেন।

২৩। **গ্রাম সরকারের কার্যাবলী সম্পর্কে তদন্ত** ।- জেলা প্রশাসক স্বতঃপ্রণোদিত হইয়া অথবা ধারা ২২ এর বিধান মোতাবেক পরিদর্শন শেষে পরিদর্শনকারী অথবা কোন ব্যক্তির আবেদনের ভিত্তিতে, গ্রাম সরকারের কার্যাবলী সাধারণভাবে অথবা তৎসংক্রান্ত কোন বিশেষ বিষয়ে তদন্ত করিবার জন্য কোন কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করিতে পারিবে এবং উক্ত তদন্ত রিপোর্টের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

২৪। **গ্রাম সরকার বাতিলকরণ** ।- (১) যদি প্রয়োজনীয় তদন্তের পর জেলা প্রশাসক এইরূপ অভিমত পোষণ করেন যে, কোন গ্রাম সরকার-

(ক) উহার দায়িত্ব পালনে অসমর্থ অথবা ক্রমাগতভাবে উহার দায়িত্ব পালনে ব্যর্থ হইতেছে;

(খ) উহার প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালনে অসমর্থ;

(গ) সাধারণতঃ এইরূপ কাজ করে যাহা জনস্বার্থ বিরোধী; অথবা

(ঘ) অন্য কোনভাবে উহার ক্ষমতার সীমা লংঘন বা ক্ষমতার অপব্যবহার করিয়াছে বা করিতেছে;

তাহা হইলে জেলা প্রশাসক, উক্ত গ্রাম সরকার বাতিল ঘোষণা করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্ত আদেশ প্রদানের পূর্বে গ্রাম সরকারকে উহার বিরুদ্ধে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গ্রাম সরকার বাতিল হইলে পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত এডহক কমিটি গ্রাম সরকারের দায়িত্ব পালন করিবে।

(৩) ওয়ার্ডের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত আছে এমন ভোটারদের সমন্বয়ে এডহক কমিটি গঠিত হইবে।

২৫। **বিধি প্রণয়ন** ।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৬। **অসুবিধা দুরীকরণ**।- এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে উক্ত বিধানে কোন অস্পষ্টতার কারণে অসুবিধা দেখা দিলে সরকার উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৭। **রহিতকরণ** ।- স্থানীয় সরকার (গ্রাম পরিষদ) আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ২১ নং আইন) এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

(শপথনামার ফরম)

আমি--,পিতা/স্বামী ---------------------------------- --------গ্রাম সরকারের গ্রাম সরকার প্রধান/উপদেষ্টা/সদস্য হিসাবে দায়িত্বভার গ্রহনের উদ্দেশ্যে সশ্রদ্ধচিত্তে শপথ গ্রহণ করিতেছি যে, আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব, এবং আমি আমার প্রতি ন্যস্ত দায়িত্ব ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া নিষ্ঠার সহিত পালন করিব।

তারিখ---------------------------------- --------------------

গ্রাম সরকার প্রধান/উপদেষ্টা/ /সদস্য।

কাজী রকিবউদ্দীন আহমদ
সচিব।